370

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... MAR 24 1999 ...
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

## ৯৯৮টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে দায়িত্বপালনরত প্রধান শিক্ষকের পদোন্নতি প্রসঙ্গে

১৯৮৬ সালে জাতীয়করণকৃত এবং ১৯৯২ সালে উন্নয়ন খাত হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত ৯৯৮টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে দীর্ঘ ১২ বছর ধরে প্রধান শিক্ষকের দায়িত্ব পালনরত ৯৯৮ শিক্ষক সম্প্রতি সৃষ্ট প্রধান শিক্ষক পদে পদোন্নতি পাচ্ছেন না। [illegible] প্রাপ্ত তথ্যে জানা যায়, প্রাথমিক বিদ্যালয় অধিগ্রহণ আইন ১৯৭৪-এর ৩নং ধারার ১নং উপধারা মোতাবেক মহামান্য রাষ্ট্রপতির আদেশক্রমে ১৯৮৬ সালে ১০০০টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ হয় এবং প্রতি বিদ্যালয়ে ৪টি সহকারী শিক্ষকের পদ সৃষ্টি করে চারজন করে সহকারী শিক্ষক নিয়োগ করা হয়। নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের মধ্যে বিদ্যালয়ভিত্তিক সর্বজ্যেষ্ঠ শিক্ষককে প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) এর দায়িত্ব পালনের নির্দেশ প্রদান করা হয়। উক্ত নির্দেশের আলোকে দায়িত্বপ্রাপ্ত শিক্ষকগণ ১৯৮৬ সাল থেকে দীর্ঘ ১২ বছর ধরে প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করে আসছেন। সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয়ের প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ তাদের স্মারক নং প্রগবি/প্রসা-৪/৯৪/৩২১, তারিখ ২৩/৭/৯৬-এর মাধ্যমে সংস্থাপন ও অর্থমন্ত্রণালয়ের অনুমোদনক্রমে প্রতিটি বিদ্যালয়ে বিদ্যমান ৪টি সহকারী শিক্ষক পদের মধ্যে ১টি পদ প্রধান শিক্ষকের পদে উন্নীত করেছেন। কিন্তু প্রাথমিক শিক্ষা অধিদফতর উক্ত পদ পূরণের ক্ষেত্রে তাদের স্মারক নং ৭-এ-১/৯৮/ ১৫৮৬/৬৪, তারিখ ২৭/৭/৯৮- এর মাধ্যমে জারিকৃত সার্কুলারে দায়িত্ব পালনরত ও বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন শিক্ষকদের পদোন্নতি না দিয়ে উপজেলায় কর্মরত সমস্ত সহকারী শিক্ষকের মধ্য থেকে পদোন্নতি ও দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। ফলে সংশ্লিষ্ট বিদ্যালয় প্রতিষ্ঠার সাথে জড়িত ও দীর্ঘ ১২ বছর যাবত প্রধান শিক্ষকের দায়িত্ব পালনরত বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন শিক্ষকগণ হতাশাগ্রস্ত হয়ে পড়েছেন।

এ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর শুভদৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁর আশু হস্তক্ষেপ কামনা করছি।

*মোঃ লুৎফর রহমান*
গ্রাম ও পোঃ কাজদিয়া
[illegible] রূপসা,
[illegible] খুলনা।